অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৪) ধারা মোতাবেক

**নিলাম দরপত্র বিজ্ঞপ্তি**

**মোকাম যুগ্ম জেলা জজ ও অর্থঋণ আদালত, নারায়ণগঞ্জ।**

**অর্থজারী মামলা নং-০৬/২০২৩**

সোনালী ব্যাংক লিঃ, স্থানীয় কার্যালয়, মতিঝিল, ঢাকা পক্ষে ডেপুটি জেনারেল ম্যানেজার.

................ডিক্রীদার।

-বনাম-

১। **স্পিন এন ওয়েভ লিমিটেড**, প্রধান কার্যালয়-বাড়ী নং-২/১, আর, কে মিশন রোড (৭ম তলা), টিকাটুলি, ঢাকা-১২০৩, পক্ষে ব্যবস্থাপনা পরিচালক- **মোঃ তারিকুল ইসলাম**, পিতা-মোঃ শফিকুল মাওলা।

২। **নাছির উদ্দিন**, পিতা- মরহুম শামছুল হোসেন, মাতা-মিসেস আজিজা বেগম, বর্তমান ঠিকানা-বাড়ী নং-২/১, আর, কে মিশন রোড, টিকাটুলি, থানা-ওয়ারী, ঢাকা-১২০৩। স্থায়ী ঠিকানা-১২ হেমসেন লেইন, থানা-কোতয়ালী, জেলা-চট্টগ্রাম। চেয়ারম্যান-স্পিন এন ওয়েভ লিমিটেড।

৩। **মোঃ তারিকুল ইসলাম**, পিতা-মৃত মোঃ শফিকুল মাওলা, মাতা-মিসেস ছায়েরা খাতুন, বর্তমান ঠিকানা-বাড়ী নং-২/১, আর, কে মিশন রোড, টিকাটুলি, থানা-ওয়ারী, ঢাকা-১২০৩। স্থায়ী ঠিকানা-হারামিয়া, ডাকঘর-বক্তারহাট, থানা-সন্দীপ, জেলা-চট্টগ্রাম। ব্যবস্থাপনা পরিচালক-স্পিন এন ওয়েভ লিমিটেড।

৪। মোঃ **আজিজুর রহমান**, পিতা-মরহুম নূরুল ইসলাম, মাতা-মরহুমা জোবেদা খাতুন, ঠিকানা-টুইন টাওয়ার, কনকর্ড-১৫/বি-৩, ২৭-২৭/৭, চামেলীবাগ, শান্তিনগর, থানা-পল্টন, ঢাকা। পরিচালক-স্পিন এন ওয়েভ লিমিটেড।

..............দায়িকগন

এতদ্বারা ডিক্রীদারের প্রাপ্য ২৮/০২/২০১৯ ইং তারিখ পর্যন্ত পাওনা ৫৮,১৪,৩৬,৫৪৮/- (আটান্ন কোটি চৌদ্দ লক্ষ ছত্রিশ হাজার পাঁচশত আটচল্লিশ) টাকা এবং ৩১/০৩/২০২৩ইং তারিখ পর্যন্ত সুদ সহ ৮২,৭৪,২১,৩৭০/- (বিরাশি কোটি চুয়াত্তর লক্ষ একুশ হাজার তিনশত সত্তর) টাকা মাত্র আদায়ের নিমিত্তে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী নিলাম ক্রেতাদেরকে অত্র বিজ্ঞপ্তি সহ তাহাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা প্রদত্ত দর অংকে ও কথায় জামানতের বিবরণ লিখিয়া সহি স্বাক্ষরিত সীল মোহরকৃত টেন্ডার আহবান করা যাইতেছে। আগামী ২৩/৮/২৪ ইং তারিখে বেলা ০২:০০ ঘটিকার মধ্যে নিলাম ক্রয়ে ইচ্ছুক প্রত্যেক দর দাতাকে জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার আদালতের অনুকূলে দরপত্রের সহিত রেজিস্ট্রী ডাকযোগে অথবা অফিসে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করিতে হইবে। উক্ত দিবসে উপস্থিত দর দাতাদের সম্মুখে দরপত্র খোলা হইবে। সর্বোচ্চ দর গ্রহণের বিষয়টি আদালতের বিবেচনা সাপেক্ষে।

## নিলামের শর্তাবলী

১। আগামী ২৩/৮/২৪...... ইং তারিখে বেলা ২.০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে অত্রাদালতে রক্ষিত দরপত্র গ্রহনের বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে।

২। নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সিল মোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর "সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র" লিখে দাখিল করতে হবে।

৩। নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৪। প্রত্যেক দরদাতাকে উদ্বৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হলে উহার ২০% উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হলে উহার ১৫% এবং উদ্বৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমান টাকা জামানত স্বরূপ **যুগ্ম জেলা জজ ও অর্থঋণ আদালত, নারায়ণগঞ্জ** এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক এর ব্যাংক ড্রাফট বা পেমেন্ট অর্ডার বা পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৫। দরদাতা অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্বৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করবেন এবং তা করতে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।

৬। দরদাতাগণ বা তাদের প্রতিনিধিগণ (যদি কেউ উপস্থিত থাকেন) এর সম্মূখে ঐ একই দিন অর্থাৎ ২৩|৬|24..... ইং তারিখ বিকেল ২.০০ ঘটিকায় দরপত্র বাক্স খোলা হবে।

৭। দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ক্রটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৮। তফসিল সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা সায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রীদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করতে হবে।

৯। উপরে বর্ণিত (৪) ও (৫) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে আদালত ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করতে পারবেন।

১০। কৃতকার্য দরদাতার অনুকূলে শর্তপূরণ সাপেক্ষে তফসিল বর্ণিত সম্পত্তির দখল অত্রাদালতের মাধ্যমে হস্তান্তর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

১১। নিলামে অংশ গ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ডিক্রীদার ব্যাংকে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার আদালত সংরক্ষণ করেন।

## বন্ধকীকৃত সম্পত্তির তফসিল

(১) জেলা-সাবেক ঢাকা হালে নারায়ণগঞ্জ, থানা ও সাব রেজিস্ট্রি অফিস-সাবেক বৈদ্যের বাজার হালে সোনারগাঁও, মৌজা-সাবেক ৪৮২, এস এ-২৮৮, আর এস-২৩৫নং পিরোজপুর।

| খতিয়ান | | | দাগ | | | পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| সিএস | এসএ | আরএস | সিএস | এসএ | আরএস | |
| ২৩১ | ১৮৭ | ৯৫ | ৩৪১ | ৩৪১ | ৮৬৯ | ১৭ শতাংশ |

(২) জেলা-সাবেক ঢাকা হালে নারায়ণগঞ্জ, থানা ও সাব রেজিস্ট্রি অফিস সাবেক বৈদ্যের বাজার হালে সোনারগাঁও, মৌজা-সাবেক ৪৮২, এস এ-২৮৮, আর এস-২৩৫নং পিরোজপুর।

| খতিয়ান | | | দাগ | | | পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| সিএস | এসএ | আরএস | সিএস | এসএ | আরএস | |
| ২১৭ | ১৭৫ | ২৯৬ | ৪৩৪ | ৪৩৪ | ৮৬১ | ৮ শতাংশ |

(৩) জেলা-সাবেক ঢাকা হালে নারায়ণগঞ্জ, থানা ও সাব রেজিস্ট্রি অফিস সাবেক বৈদ্যের বাজার হালে সোনারগাঁও, মৌজা-সাবেক ৪৮২, এস এ-২৮৮, আর এস-২৩৫নং পিরোজপুর।

| খতিয়ান | | | দাগ | | | পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| সিএস | এসএ | আরএস | সিএস | এসএ | আরএস | |
| ১১ | ১৮৩ | ৩২১ | ৪৩৩ | ৪৩৩ | ৮৬২ | ১৩.০০ শতাংশ |

(৪) জেলা- সাবেক ঢাকা হালে নারায়ণগঞ্জ, থানা ও সাব রেজিস্ট্রি অফিস সাবেক বৈদ্যের বাজার হালে সোনারগাঁও, মৌজা-সাবেক ৪৮২, এস এ-২৮৮, আর এস-২৩৫নং পিরোজপুর।

| খতিয়ান | | | দাগ | | | পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| সিএস | এসএ | আরএস | সিএস | এসএ | আরএস | |
| ২২৮ | ১৮৬ | ৪০৯ | ৪২৫ | ৪২৫ | ৮৬৫ | ২২.৫০ শতাংশ |
| ২১৯ | ১৭৮ | ৭ | ৪৩২ | ৪৩২ | ৮৬৪ | |
| ২২৮ | ১৮৬ | ৪০৯ | ৩৪৭ | ৩৪৭ | ৮৬৬ | |

(৫) জেলা-সাবেক ঢাকা হালে নারায়ণগঞ্জ, থানা ও সাব রেজিস্ট্রি অফিস-সাবেক বৈদ্যের বাজার হালে সোনারগাঁও, মৌজা- সাবেক ৪৮২,এস এ-২৮৮, আর এস-২৩৫নং পিরোজপুর।

| খতিয়ান | | | দাগ | | | পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| সিএস | এসএ | আরএস | সিএস | এসএ | আরএস | |
| ২১৮ | ১৭৭ | ১১৬ | ৩৪৮ | ৩৪৮ | ৮১০ | ৫.৫০ শতাংশ |

(৬) জেলা-সাবেক ঢাকা হালে নারায়ণগঞ্জ, থানা ও সাব রেজিস্ট্রি অফিস-সাবেক বৈদ্যের বাজার হালে সোনারগাঁও, মৌজা-সাবেক ৪৮২, এস এ-২৮৮, আর এস-২৩৫নং পিরোজপুর।

| খতিয়ান | | | দাগ | | | পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| সিএস | এসএ | আরএস | সিএস | এসএ | আরএস | |
| ২১৯ | ১৭৮ | ১৭৭ | ৪৩২ | ৪৩২ | ৮৬৩ | ২৪.০০ শতাংশ |

যার চৌহদ্দী- উত্তরে-এ এম এম বাহাউদ্দীন, দক্ষিণে-আব্দুল আউয়াল, পূর্বে-আব্দুল আজিজ ও এ এম এম বাহাউদ্দীন, পশ্চিমে-এ এম এম বাহাউদ্দীন। অত্র চৌহদ্দীর অন্দরে ৯০ শতাংশ সম্পত্তি এবং তদস্থিত নির্মিত সমস্ত স্থাপনা মেশীনারীজ, কলকজা, ফ্যাক্টরি ইত্যাদিসহ বন্ধকীকৃত বটে।

যুগ্ম জেলা জজ অর্থ ঋণ আদালত * নারায়ণগঞ্জ *

আদালতের আদেশক্রমে

সেরেস্তাদার
যুগ্ম জেলা জজ ও অর্থঋণ আদালত,
নারায়ণগঞ্জ।